# সফটওয়্যারের কারুকাজ

## উইন্ডোজ ১০ স্টার্ট মেনু কাস্টোমাইজ করতে

উইন্ডোজ ১০ অপারেটিং সিস্টেমের স্টার্ট মেনুকে নিজের পছন্দ অনুযায়ী সাজাতে পারেন। যদি আপনি উইন্ডোজের স্টার্ট মেনুকে গতানুগতিক ইন্টারফেসের সাথে লাইভ টাইলসকে ব্লেন্ড করতে চান, তাহলে যেকোনো টাইলে ডান ক্লিক করে Resize সিলেক্ট করুন টাইলের ডাইমেনশন অ্যালার্ট করার জন্য ঠিক উইন্ডোজ ৮-এর স্টার্ট স্ক্রিনের মতো।

বিকল্পভাবে যদি আপনি লাইভ টাইলকে এবং মেট্রো ইন্টারফেসকে প্রচণ্ডভাবে অপছন্দ করেন, তাহলে স্টার্ট মেনুতে ডান ক্লিক করে সিস্টেম থেকে সেগুলো মুছে ফেলার জন্য Uninstall সিলেক্ট করুন অথবা সমূলে উৎপাটন করার জন্য Unpin from Start সিলেক্ট করুন। আপনার পছন্দের ডেস্কটপ সফটওয়্যার দিয়ে এগুলো রিপপুলেট করেতে যেকোনো অ্যাপ বা প্রোগ্রামে ডান ক্লিক করে Pin to Start সিলেক্ট করুন।

### ফাইল এক্সপ্লোরারে ক্যুইক অ্যাক্সেস ভিউ বন্ধ করা

যখন উইন্ডোজ ১০-এ আপনি ফাইল এক্সপ্লোরার ওপেন করবেন, তখন এটি নতুন ক্যুইক অ্যাক্সেসে ডিফল্ট হবে, যা প্রদর্শন করবে অতিসম্প্রতি অ্যাক্সেস করা ফোল্ডার এবং ভিউ করা ফাইল। অনেকে ব্যক্তিগতভাবে এটি পছন্দ করেন। তবে ফাইল এক্সপ্লোরার 'This PC' ভিউতে ডিফল্ট হয় উইন্ডোজ ৮-এ।

ওপেন ফাইল এক্সপ্লোরার রিবন থেকে View>Options সিলেক্ট করুন। এর ফলে একটি Folder Options উইন্ডো ওপেন হবে। এবার উপরের ড্রপডাউন মেনু থেকে Open File Explorer-এ ক্লিক করে 'This PC' অপশন সিলেক্ট করুন। এরপর Ok করলে আপনার কাজ শেষ হবে।

### গড মোড টুল তৈরি করা

ডেস্কটপে ডান ক্লিক করুন।
New-তে ক্লিক করুন।
Folder-এ ক্লিক করুন।

ফোল্ডারের নাম রিনেম করুন এভাবে– GodMode.{ED7BA470-8E54-465E-825C-99712043E01C}

এরপর GodMode লেবেল করা একটি আইকন দেখতে পারবেন।

**আজাদ**
*স্টেশন রোড, রাজবাড়ী*

## উইন্ডোজ ১০-এর কয়েকটি টিপ

সম্প্রতি উইন্ডোজ ১০ অবমুক্ত হয়। উইন্ডোজ ১০ ব্যবহাকারীদের প্রতি লক্ষ রেখে কমপিউটার জগৎ-এর নিয়মিত বিভাগ সফটওয়্যারের কারুকাজে কয়েকটি টিপ দেয়া হয়।

### টাস্কবার কালার পরিবর্তন করা

উইন্ডোজ ১০ ডেস্কটপ কালার পরিবর্তন করতে চাইলে নিচে বর্ণিত ধাপগুলো অনুসরণ করুন।

ডেস্কটপে ডান ক্লিক করে Personalize বেছে নিন।
এবার Colors সিলেক্ট করুন।

এবার কাঙ্ক্ষিত কালার বেছে নিন। এতে টাস্কবার এবং স্টার্ট মেনু উভয়েরই কালার পরিবর্তন হবে।

এবার 'Automatically pick an accent color…' অপশন সক্রিয় করুন।

### স্টার্ট স্ক্রিন সক্রিয় করা

ডেস্কটপে ডান ক্লিক করে Personalize বেছে নিন।
Start-এ ক্লিক করুন।
এবার Use Start full screen চালু করুন।

### স্টার্ট মেনুতে ফোল্ডার যুক্ত করা

ডেস্কটপে ডান ক্লিক করে বেছে নিন Personalize অপশন। Start সিলেক্ট করুন।

এবার অপশন Choose which folders appear on Start বেছে নিন।

### স্টার্ট মেনু থেকে টাইলস অপসারণ করা

Start বাটনে ক্লিক করুন।
এবার আপনার কাঙ্ক্ষিত টাইলে ডান ক্লিক করুন।
এবার Unpin from Start বেছে নিন।

### ডিফল্ট ব্রাউজার পরিবর্তন করা

Start বাটনে ক্লিক করুন।
Settings-এ ক্লিক করুন।
System-এ ক্লিক করুন।
Default Apps-এ ক্লিক করুন।
এবার স্ক্রল ডাউন করে Web Browser সিলেক্ট করুন।
এবার আপনার কাঙ্ক্ষিত ওয়েব ব্রাউজার বেছে নিন।

### নোটিফিকেশন আচরণ পরিবর্তন করা

Start বাটনে ক্লিক করুন।
Settings-এ ক্লিক করুন।
System-এ ক্লিক করুন।
এবার Notifications & Actions-এ ক্লিক করুন।
নোটিফিকেশনের জন্য কাঙ্ক্ষিত সেটিং বেছে নিন।

### নিষ্ক্রিয় পেজ স্ক্রলিং অন করা

Start বাটনে ক্লিক করুন।
Settings-এ ক্লিক করুন।
Dvices-এ ক্লিক করুন।
এরপর Mouse & Touchpad সিলেক্ট করুন।
এবার Scroll inactive windows when I hover over them চেক করা আছে কি না তা নিশ্চিত করুন।

### স্বয়ংক্রিয় রিস্টার্ট ডিজ্যাবল করা

Start বাটনে ক্লিক করুন।
Settings-এ ক্লিক করুন।
এরপর Update & Security-এ ক্লিক করুন।
Windows Update-এ ক্লিক করুন।
এবার Advanced Options-এ ক্লিক করুন।
এবার ড্রপডাউন মেনু থেকে Notify to schedule restart বেছে নিন।

**আবদুল কাইয়ুম**
*দক্ষিণ মুগদা, ঢাকা*

## এক্সেল ২০১৬-এর কিছু কীবোর্ড শর্টকাট

অফিস স্যুটের অ্যাপ্লিকেশনগুলোর মধ্যে অন্যতম জনপ্রিয় একটি হলো মাইক্রোসফট এক্সেল। জনপ্রিয়তার দিক থেকে মাইক্রোসফট ওয়ার্ডের পর মাইক্রোসফট এক্সেলের অবস্থান। জনপ্রিয় এ অফিস অ্যাপ্লিকেশনের প্রয়োজনীয় কয়েকটি কীবোর্ড শর্টকাট নিচে তুলে ধরা হয়েছে।

**Ctrl + PgDn :** ওয়ার্কশিট ট্যাবের মাঝে সুইচ করা, বাম দিক থেকে ডান দিকে মুভ করা।

**Ctrl + PgUp :** ওয়ার্কশিট ট্যাবের মাঝে সুইচ করা, ডান দিক থেকে বাম দিকে মুভ করা।

**F12 :** Save As ডায়াল ডিসপ্লে করে।

**Ctrl + Shift + $ :** বর্তমান সেলকে ডেসিমেলের দুই ঘর এবং নেগেটিভ প্যানেথিসিসসহ কারেন্সি হিসেবে ফরম্যাট করে (এক্সেল ২০১৬-এর জন্য)।

**Ctrl + Shift + % :** বর্তমান সেলকে ডেসিমেল ঘর ছাড়া পারসেন্টেজে ফরম্যাট করা (এক্সেল ২০১৬-এর জন্য)।

**Ctrl + Shift + # :** বর্তমান সেলকে দিন, মাস, বছরসহ ডেট হিসেবে ফরম্যাট করবে (এক্সেল ২০১৬-এর জন্য)।

**Ctrl + Shift + ":" :** বর্তমান সময় ইনসার্ট করে।

**Ctrl + Shift + ";" :** বর্তমান তারিখ ইনসার্ট করবে।

**F4 :** শেষ কমান্ড বা অ্যাকশন রিপিট করবে, যদি সম্ভব হয়।

**F4 :** আপনার বর্তমান সেল সিলেকশনকে নির্দিষ্ট ডিরেকশনে এক সেল সম্প্রসারণ করবে।

**Ctrl + F1 :** রিবন ডিসপ্লে বা হাইড করবে।

**Alt + Shift + F1 :** একটি নতুন ওয়ার্কশিট ট্যাব ইনসার্ট করবে।

**Ctrl + F4 :** বর্তমান ওয়ার্কবুক বন্ধ করবে।

**Ctrl + D :** সিলেক্ট করা সেলের জন্য Fill Down কমান্ড চালু হবে। ফিল ডাউন কমান্ড কনটেন্ট কপি করবে এবং কলামের একেবারে উপরের সেল ফরম্যাট করবে।

**আফজাল হোসেন খান**
*সবুজবাগ, পটুয়াখালী*

## কারুকাজ বিভাগে লিখুন

*কারুকাজ বিভাগের জন্য প্রোগ্রাম ও সফটওয়্যার টিপস বা টুকিটাকি লিখে পাঠান। লেখা এক কলামের মধ্যে হলে ভালো হয়। সফট কপিসহ প্রোগ্রামের সোর্স কোডের হার্ড কপি প্রতি মাসের ২০ তারিখের মধ্যে পাঠাতে হবে।*

*সেরা ৩টি প্রোগ্রাম/টিপসের লেখককে যথাক্রমে ১,০০০, ৮৫০ ও ৭০০ টাকা পুরস্কার দেয়া হয়। সেরা ৩ টিপস্ ছাড়াও মানসম্মত প্রোগ্রাম/টিপস ছাপা হলে তার জন্য প্রচলিত হারে সম্মানী দেয়া হয়। প্রোগ্রাম/টিপসের লেখকদের নাম কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকেও জানা যাবে। পুরস্কার কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকে সংগ্রহ করতে হবে। সংগ্রহের সময় অবশ্যই পরিচয়পত্র দেখাতে হবে এবং পুরস্কার চলতি মাসের ৩০ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে।*

*এ সংখ্যায় প্রোগ্রাম/টিপসের জন্য প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় হয়েছেন যথাক্রমে– **আজাদ, আবদুল কাইয়ুম ও আফজাল হোসেন খান।***